

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬০১(আগরতলা ১৮।১)

মোহনপুর, ১৮ জানুয়ারি, ২০২৪

বামুটিয়া ব্লকে সহায়ক মূল্যে ধান ক্রয়

বামুটিয়া ব্লকে গত ৫ থেকে ১১ জানুয়ারি ২৮২.৫৬ মেট্রিকটন ধান ন্যূনতম সহায়ক মূল্যে ক্রয় করা হয়েছে। ব্লকের বেড়িমুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মাঠে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচি সম্পন্ন হয়। এই কর্মসূচিতে ব্লকের ১৯০ জন কৃষকের কাছ থেকে প্রতি কুইন্টাল ধান ২,১৮৩ টাকা দরে ক্রয় করা হয়েছে। মোহনপুর মহকুমার খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
